বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

এপ্রিল ২০২৫

# মাঠচিত্র

১২১

BEES QUARTERLY NEWSLETTER




আন্তর্জাতিক নারী দিবস-২০২৫
গোপালগঞ্জ

## বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

Working together towards a better future since **1975**

# সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এ সংখ্যায় বিজ এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বদ্ধপরিকর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকান্ডের সেসব নিবন্ধ মাঠচিত্রের এ সংখ্যায় প্রকাশিত হল।

(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদকবৃন্দ দায়ী নন।)

ইকবাল আহাম্মদ
**নির্বাহী পরিচালক, বিজ**


প্রধান পৃষ্ঠপোষকঃ
**সাইফুল ইসলাম (রবিন)**
প্রতিষ্ঠাতা ও ইভিসি, বিজ

সম্পাদকঃ
**ইকবাল আহাম্মদ**
নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদকঃ
**কাবেরী সুলতানা**
উপ-পরিচালক (রিসার্চ , ডকুমেন্টেশন এন্ড পাবলিকেশন), বিজ

সহকারী সম্পাদকঃ
**রাকিব হাসান**
অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্সঃ
**নূর ফাতিহা তাহিয়াত**
সিনিয়র ম্যানেজার (রিসার্চ), বিজ
**তাহমিনা আক্তার**
রিসার্চ অফিসার, বিজ


# ভিতরে যা যা থাকছে


- ☑ বিজ-এর উদ্যোগে ১৩৩ জন কৃষককে জৈব সার উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ প্রদান
- ☑ মহান শহিদ দিবসে শ্রদ্ধাঞ্জলি নিবেদন
- ☑ রঘুনাথপুরে কৈশোর ক্লাবে ক্রীড়া ও সাংস্কৃতিক উৎসব
- ☑ বিজ-এর কর্মকর্তা সম্মেলন-২০২৫ সম্পন্ন
- ☑ চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে রাস্তা নির্মাণে শিক্ষার্থীদের দুর্ভোগ লাঘব
- ☑ বোড়াশী ইউনিয়নে কৈশোর কর্মসূচির আওতায় ক্রীড়া প্রতিযোগিতা
- ☑ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন
- ☑ নরসিংদীতে তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে এনজিও মেলায় বিজ-এর সেবামূলক কার্যক্রম
- ☑ শান্তিগঞ্জে ৮ জন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান
- ☑ বিজ এর প্রশিক্ষণ চিত্র
- ☑ বিজ স্বাস্থ্য কর্মসূচি
- ☑ মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে যুক্ত নতুন ১৪টি শাখা
- ☑ মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

# বিজ এর উদ্যোগে ১৩৩ জন কৃষককে জৈব সার উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ প্রদান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) -এর কৃষি কর্মসূচির আওতায় সম্প্রতি গাইবান্ধা, গাজীপুর ও নরসিংদী জেলার বিভিন্ন উপজেলায় জৈব সার উৎপাদনকারী মোট ১৩৩ জন কৃষককে ১ দিনের কার্যকর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এই প্রশিক্ষণগুলো অনুষ্ঠিত হয়েছে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ, পলাশবাড়ী ও ধাপেরহাট, গাজীপুর সদর উপজেলার ভাওয়াল মির্জাপুর এবং নরসিংদী সদর উপজেলায়। প্রশিক্ষণগুলোতে অংশগ্রহণকারীরা জৈব সার উৎপাদনের কৌশল, ব্যবহারবিধি এবং এর পরিবেশগত ও কৃষিভিত্তিক গুরুত্ব সম্পর্কে বিস্তারিত ধারণা লাভ করেন।

প্রশিক্ষণের প্রতিটি কর্মস্থলে সংশ্লিষ্ট জোনাল, সাব-জোনাল এবং শাখা ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। বিশেষ করে নরসিংদী ও গাজীপুর জেলার প্রশিক্ষণগুলোতে প্রোগ্রাম ম্যানেজার (কৃষি) এবং অন্যান্য বিভাগীয় কর্মকর্তারাও উপস্থিত ছিলেন, যা প্রশিক্ষণ কার্যক্রমকে আরও উৎসাহব্যঞ্জক করে তোলে।

প্রশিক্ষণে অংশগ্রহণকারী কৃষকরা জানান, তারা বিজ-এর এই প্রশিক্ষণ পেয়ে অত্যন্ত আনন্দিত। তাদের মতে, জৈব সার মাটির উর্বরতা ও উৎপাদনশীলতা বাড়ায় এবং এটি রাসায়নিক সার অপেক্ষা পরিবেশবান্ধব ও টেকসই কৃষির জন্য অধিক উপযোগী।

প্রশিক্ষণ কার্যক্রমে সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন প্রোগ্রাম সাপোর্ট অফিসার (কৃষি) মোঃ মাহামুদ হাসান, মোঃ আব্দুল লতিফ, তপন কুমার সরকার, আবু রায়হান ও মোঃ রাসেল মিয়া।

কর্ম এলাকা ভিত্তিক উপস্থিত অংশগ্রহনকারীদের সংখ্যা নিম্নরূপ:

- গোবিন্দগঞ্জ শাখা, গাইবান্ধা: ২৫ জন কৃষক
- পলাশবাড়ী শাখা, গাইবান্ধা: ২৫ জন কৃষক
- ধাপেরহাট শাখা, গাইবান্ধা: ২৫ জন কৃষক
- নরসিংদী সদর শাখা: ২৮ জন কৃষক
- ভাওয়াল মির্জাপুর শাখা, গাজীপুর: ৩০ জন কৃষক

মোট অংশগ্রহণকারী: ১৩৩ জন

এই প্রশিক্ষণগুলো বিজ-এর কৃষি কর্মসূচির মাঠ পর্যায়ে বাস্তবায়নকে আরও বেগবান করবে এবং কৃষকদের মাঝে পরিবেশবান্ধব কৃষি চর্চা ছড়িয়ে দিতে সহায়ক হবে। কৃষকদের মধ্যে টেকসই কৃষির জ্ঞান ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে বিজ-এর এই ধরনের উদ্যোগ প্রশংসনীয়।





# মহান শহিদ দিবসে শ্রদ্ধাঞ্জলি নিবেদন




গোপালগঞ্জ সদর উপজেলায় কৈশোর কর্মসূচির আওতায়, ২১শে ফেব্রুয়ারি ২০২৫, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এই দিনে ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে গভীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে কিশোর–কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ।

উল্লেখ্য, বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) ও পল্লী কর্ম–সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)–এর যৌথ অর্থায়নে গোপালগঞ্জ জেলায় ২০১৮ সাল থেকে কৈশোর কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে।

# রঘুনাথপুরে কৈশোর ক্লাবের ক্রীড়া ও সাংস্কৃতিক উৎসব







বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) ও পিকেএসএফ–এর যৌথ অর্থায়নে পরিচালিত কৈশোর কর্মসূচির আওতায় ২৫শে ফেব্রুয়ারি ২০২৫ গোপালগঞ্জ সদর উপজেলার রঘুনাথপুর দীননাথ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এক ব্যতিক্রমধর্মী ক্রীড়া ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে রঘুনাথপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের কিশোর–কিশোরী ক্লাবের সদস্যরা কবিতা আবৃত্তি, প্রবন্ধ রচনা, ইনডোর আর্ম রেসলিং এবং দৌড় ও হ্যান্ডবল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন এবং পুরো অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনা করেন মোঃ মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ, গোপালগঞ্জ।

# বিজ কর্মকর্তা সম্মেলন ২০২৫ অনুষ্ঠিত

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর উদ্যোগে অনুষ্ঠিত হলো "কর্মকর্তা সম্মেলন ২০২৫"। গত ১ মার্চ, শনিবার গাজীপুরের কালীগঞ্জে অবস্থিত CCULB কনভেনশন হলে উৎসবমুখর পরিবেশে সম্মেলনটি সম্পন্ন হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ–এর প্রতিষ্ঠাতা ও এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম রবিন। তিনি কর্মকর্তাদের উদ্দেশে বলেন, "বিজ তার গৌরবময় পথচলায় আজ এই জায়গায় পৌঁছেছে কর্মকর্তাদের নিষ্ঠা ও দায়বদ্ধতার কারণে। আগামী দিনগুলোতেও এই ধারা বজায় রেখে আমাদের আরও দায়িত্বশীল হতে হবে।"

সম্মেলনে সভাপতিত্ব করেন বিজ–এর নির্বাহী পরিচালক জনাব ইকবাল আহাম্মদ। তিনি তার বক্তব্যে বিজ–এর বর্তমান কার্যক্রম, ভবিষ্যৎ পরিকল্পনা এবং টিমওয়ার্কের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

এ সম্মেলনে বিজ প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। দিনব্যাপী এ আয়োজন ছিল নানা কর্মসূচিতে সমৃদ্ধ, যেমন কর্মপরিকল্পনা উপস্থাপন, সেরা কর্মকর্তা পুরস্কার প্রদান, মতবিনিময় সভা এবং সাংস্কৃতিক আয়োজন।

এই সম্মেলনের মাধ্যমে কর্মকর্তাদের মধ্যে সমন্বয়, যোগাযোগ এবং নতুন উদ্যোগ গ্রহণের স্পৃহা বৃদ্ধি পেয়েছে। সম্মেলন শেষে উপস্থিত সবাই ভবিষ্যতের জন্য নতুন উদ্দীপনায় এগিয়ে যাওয়ার বিষয়ে এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা বাস্তবায়নে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।



# চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে রাস্তা নির্মাণে শিক্ষার্থীদের দুর্ভোগ লাঘব

সুনামগঞ্জ জেলার শান্তিগঞ্জ উপজেলায় পরিচালিত বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় পরিচালিত চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যাতায়াতের অন্যতম সমস্যা ছিল বিদ্যালয়ের সামনে কাঁচা ও নিচু রাস্তা। বর্ষা মৌসুমে এই রাস্তাটি কাদা ও পানিতে ডুবে থাকায় শিক্ষার্থীদের নিয়মিত যাতায়াতে বড় ধরনের প্রতিবন্ধকতা তৈরি হতো।

এই সমস্যা সমাধানে স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে একাধিকবার যোগাযোগ করা হয় এবং ইউনিয়ন স্বাস্থ্য ও শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভায় বিষয়টি গুরুত্বের সঙ্গে উপস্থাপন করা হয়। পশ্চিম পাগলা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ জগলুল হায়দার এবং ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ জফরুল হক ব্যক্তিগতভাবে বিদ্যালয় এলাকা পরিদর্শন করেন এবং রাস্তাটি মাটি দিয়ে ভরাট করার প্রতিশ্রুতি দেন।

পরবর্তীতে ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসে এলজি-এসপি প্রকল্পের আওতায় মাটি ভরাটের কাজ শুরু হলে, জনাব জফরুল হক বিষয়টিকে বিশেষ গুরুত্ব দিয়ে এগিয়ে নিয়ে যান। তাঁর প্রচেষ্টায় প্রায় ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা ব্যয়ে ৮ ফুট উচ্চতা এবং ৭ ফুট প্রস্থের মাটি ভরাট করে রাস্তাটি নির্মাণ করা হয়।

এই উদ্যোগের ফলে এখন বর্ষাকালেও শিক্ষার্থীরা নির্বিঘ্নে বিদ্যালয়ে যাতায়াত করতে পারবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এলাকাবাসী জানান, এই কাজটি বাস্তবায়নে ওয়ার্ড সদস্য জফরুল হক সাহেবের অবদান অনস্বীকার্য। তিনি নিজ উদ্যোগে ইউনিয়ন চেয়ারম্যানের কাছ থেকে অনুমোদন আদায় করে রাস্তার কাজ বাস্তবায়ন করেন।

এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে আবারও প্রমাণিত হলো, স্থানীয় প্রতিনিধিদের আন্তরিকতা ও সমন্বিত প্রচেষ্টায় কমিউনিটির বাস্তব সমস্যাগুলোর কার্যকর সমাধান সম্ভব। বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং এলাকাবাসী সকলেই এই উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।



# বোড়াশী ইউনিয়নে কৈশোর কর্মসূচির আওতায় ক্রীড়া প্রতিযোগিতা

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর যৌথ অর্থায়নে ১১ই মার্চ ২০২৫ তারিখে গোপালগঞ্জ সদর উপজেলার বোড়াশী ইউনিয়নের বাঁশবাড়ী ঘোষগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ৯টি ওয়ার্ডের কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা কবিতা আবৃত্তি, প্রবন্ধ রচনা, আর্ম রেসলিং, দৌড় ও হ্যান্ডবল খেলায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। সার্বিক তত্ত্বাবধান ও পরিচালনায় ছিলেন মো: মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ, গোপালগঞ্জ।






# আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

গত ৮ই মার্চ ২০২৫ তারিখে গোপালগঞ্জ জেলায় আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)। নারীর অধিকার, ক্ষমতায়ন ও উন্নয়নে তাঁদের অবদানের প্রতি শ্রদ্ধা জানিয়ে দিবসটি উদযাপন করা হয়। এছাড়া সরকারি কর্মসূচির সাথে সমন্বয় করে র‍্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করে বিজ। বিজ এর পক্ষে উক্ত অনুষ্ঠানগুলোতে উপস্থিত ছিলেন জনাব মো: মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ, গোপালগঞ্জ।











# নরসিংদীতে তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে এনজিও মেলায় বিজ

নরসিংদী জেলাপ্রশাসনের আয়োজনে গত ১১ ফেব্রুয়ারী ২০২৫ তারিখে ডিসি অফিস প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় “তারুণ্যের উৎসব ২০২৫”। এ উৎসবকে ঘিরে আয়োজিত এনজিও মেলায় বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) অংশগ্রহণ করে বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনা করে। বিজ-এর পক্ষ থেকে মোট ২৫ জন আগত দর্শনার্থীকে বিনামূল্যে ডায়াবেটিক পরীক্ষা সেবা প্রদান করা হয়। একইসাথে আগত রোগীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা ও পরামর্শ দেন বিজ-এর কমিউনিটি হেলথ অফিসার মিস তাসলিমা আক্তার।

মেলায় অংশগ্রহণের স্বীকৃতি স্বরূপ বিজ-এর প্রতিনিধি হিসেবে জনাব আবু রায়হান, প্রোগ্রাম সাপোর্ট অফিসার (কৃষি), বিজ এবং মোঃ আরিফুর রহমান, ম্যানেজার, স্বাস্থ্য (নরসিংদী জোন), বিজ, নরসিংদীর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব আবু তাহের মোঃ শামসুজ্জামান এর কাছ থেকে শুভেচ্ছা স্মারক গ্রহণ করেন। “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” স্লোগানে এ ধরনের উৎসব আয়োজন তরুণ প্রজন্মকে উদ্বুদ্ধ করার পাশাপাশি জনগণের মাঝে দেশপ্রেম ও জীবনমান এর মৌলিক বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

# শান্তিগঞ্জে ৮ জন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান

সুনামগঞ্জ জেলার শান্তিগঞ্জ উপজেলায় বিজ পরিচালিত ৮টি প্রাথমিক বিদ্যালয়ের ৮ জন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। এ উপলক্ষে গত ২৬ মার্চ ২০২৫ ইং তারিখে এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তির চেক হস্তান্তর করেন জনাব সেলিম খান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোহাম্মদ আব্দুল তাহিদ, সভাপতি, এসএমসি কমিটি, মোঃ আশিক মিয়া, সহ-সভাপতি, এসএমসি কমিটি এবং নিলু কান্ত পাল, প্রোগ্রাম অফিসার (শিক্ষা), বিজ। এই শিক্ষা বৃত্তি মেধাবী শিক্ষার্থীদের ভবিষ্যৎ পথচলায় উৎসাহ ও সহায়তা প্রদান করবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।



# বিজ এর প্রশিক্ষণ চিত্র

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর ঢাকায় অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে গত জানুয়ারি ২০২৫ হতে মার্চ ২০২৫ পর্যন্ত যে সকল প্রশিক্ষণ ও প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে তার একটি প্রতিবেদন প্রতিষ্ঠানের প্রশিক্ষণ বিভাগ থেকে প্রকাশ করা হয়েছে।
সমিতি অফিস ও ব্রাঞ্চ অফিস ব্যবস্থাপনা শক্তিশালীকরণ বিষয়ক প্রশিক্ষণ, বুনিয়াদী প্রশিক্ষণ, শাখার দৈনন্দিন হিসাব পরিচালনা ও সফটওয়্যার পরিচালনায় দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ নামের এই প্রশিক্ষণগুলোতে বিজ এর বিভিন্ন পদের (ব্রাঞ্চ ম্যানেজার, একাউন্টস অফিসার ও ফিল্ড অফিসার) মোট ৩৭৯ জন বিভিন্ন মেয়াদে অংশগ্রহন করেন।

| **ক্রমিক** | **কোর্স এর নাম** | **তারিখ** | **পদবী** | **সংখ্যা** |
|---|---|---|---|---|
| ০১ | সমিতি অফিস ও ব্রাঞ্চ অফিস ব্যবস্থাপনা শক্তিশালীকরণ বিষয়ক প্রশিক্ষণ | ০৮-০১-২০২৫ হতে ০৯-০১-২০২৫ | ব্রাঞ্চ ম্যানেজার | ৩৬ জন |
| ০২ | বুনিয়াদী প্রশিক্ষণ | ১২-০১-২০২৫ হতে ১৬-০১-২০২৫ | ফিল্ড অফিসার | ৪০ জন |
| ০৩ | শাখার দৈনন্দিন হিসাব পরিচালনা ও সফটওয়্যার পরিচালনায় দক্ষতা উন্নয়ন | ২১-০১-২০২৫ হতে ২৩-০১-২০২৫ | একাউন্টস অফিসার | ৩৯ জন |
| ০৪ | বুনিয়াদী প্রশিক্ষণ | ০২-০২-২০২৫ হতে ০৬-০২-২০২৫ | ফিল্ড অফিসার | ৪০ জন |
| ০৫ | বুনিয়াদী প্রশিক্ষণ | ০৯-০২-২০২৫ হতে ১৩-০২-২০২৫ | ফিল্ড অফিসার | ৪০ জন |
| ০৬ | সমিতি অফিস ও ব্রাঞ্চ অফিস ব্যবস্থাপনা শক্তিশালীকরণ বিষয়ক প্রশিক্ষণ | ১৬-০২-২০২৫ হতে ১৭-০২-২০২৫ | ব্রাঞ্চ ম্যানেজার | ৩৯ জন |
| ০৭ | শাখার দৈনন্দিন হিসাব পরিচালনা ও সফটওয়্যার পরিচালনায় দক্ষতা উন্নয়ন | ১৮-০২-২০২৫ হতে ২০-০২-২০২৫ | একাউন্টস অফিসার | ৪০ জন |
| ০৮ | শাখার দৈনন্দিন হিসাব পরিচালনা ও সফটওয়্যার পরিচালনায় দক্ষতা উন্নয়ন | ০৪-০৩-২০২৫ হতে ০৬-০৩-২০২৫ | একাউন্টস অফিসার | ২৫ জন |
| ০৯ | বুনিয়াদী প্রশিক্ষণ | ০৯-০৩-২০২৫ হতে ১৩-০৩-২০২৫ | ফিল্ড অফিসার | ৪০ জন |
| ১০ | বুনিয়াদী প্রশিক্ষণ | ১৬-০৩-২০২৫ হতে ২০-০৩-২০২৫ | ফিল্ড অফিসার | ৪০ জন |
| **মোটঃ** | | | | **৩৭৯ জন** |

বিজ-এর এই প্রশিক্ষণ কার্যক্রম প্রতিষ্ঠানটির বর্তমান মানবসম্পদকে দক্ষ মানবসম্পদে পরিনত করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এসব প্রশিক্ষণ কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের পেশাগত জীবনকে সমৃদ্ধ করতে সহায়তা করবে এবং প্রতিষ্ঠানটির সামগ্রিক কর্মক্ষমতা উন্নত করতে সহায়ক ভূমিকা পালন করবে।

# বিজ স্বাস্থ্য কর্মসূচি

বিজ স্বাস্থ্য কর্মসূচির মাসিক সমন্বয় সভা বগুড়া জোন অফিসে অনুষ্ঠিত হয় গত ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে। সভায় সভাপতিত্ব করেন জনাব ডা. নুসরাত জাহান, সিনিয়র সহকারী পরিচালক (স্বাস্থ্য), বিজ। তিনি কমিউনিটি হেলথ্ অফিসারদের মাসিক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত কর্মকর্তারা স্বাস্থ্যসেবা উন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মতবিনিময় করেন।
শেরপুর উপজেলার মির্জাপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গত ৩০ জানুয়ারি ২০২৫ তারিখে পরিবার পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিজ–এর পক্ষে কমিউনিটি হেলথ অফিসার মোছাঃ রশিদা বিলকিস অংশগ্রহণ করেন। সভায় স্থানীয় স্বাস্থ্যসেবা কার্যক্রম ও পরিবার পরিকল্পনার অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।



# বিজ–এর মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে যুক্ত হলো নতুন ১৪টি শাখা

অন্তর্ভুক্তিমূলক আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস বিজ (বিজ) এর মাইক্রোফাইন্যান্স কর্মসূচির আওতায় ২০২৫ সালের জানুয়ারি থেকে মার্চ মাসে মোট ১৪টি নতুন শাখা উদ্বোধন করা হয়েছে। নতুন এই শাখাগুলো বিজ এর বিভিন্ন জোন এর আওতাধীন কর্ম এলাকায় অবস্থিত, যার মাধ্যমে আরও অধিকসংখ্যক সুবিধাভোগীর কাছে আর্থিক সেবা পৌঁছানো সম্ভব হবে।
নতুন এই শাখাগুলোর মাধ্যমে স্থানীয় জনগণের মধ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম আরও বিস্তৃত হবে এবং আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। বিজ-এর এই উদ্যোগ দারিদ্র্য হ্রাস, নারীর ক্ষমতায়ন ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। শাখাগুলোর তালিকা নিম্নরূপ:

- কুমরপুর ব্রাঞ্চ, চুয়াডাঙ্গা জোন
- নরসিংদী-২ ব্রাঞ্চ, নরসিংদী জোন
- চম্পকনগর ব্রাঞ্চ, ব্রাহ্মণবাড়িয়া জোন
- চারগাছ ব্রাঞ্চ, ব্রাহ্মণবাড়িয়া জোন
- বায়রা বাজার ব্রাঞ্চ, মানিকগঞ্জ জোন
- কামদিয়া ব্রাঞ্চ, গাইবান্ধা জোন
- গোহাইল ব্রাঞ্চ, বগুড়া জোন
- বিদ্যাকুট ব্রাঞ্চ, কুমিল্লা-২ জোন
- ডেমরা ব্রাঞ্চ, নারায়ণগঞ্জ জোন
- বানেশ্বর ব্রাঞ্চ, নাটোর জোন
- মুরাদপুর ব্রাঞ্চ, চট্টগ্রাম জোন
- নয়ানপুর বাজার, গাজীপুর জোন
- আহম্মেদপুর ব্রাঞ্চ, নাটোর জোন
- রূপনগর ব্রাঞ্চ, ঢাকা জোন

## মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মকর্তার কাছ থেকে তথ্যসমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্যগাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

নির্বাহী সম্পাদক, মাঠচিত্র।
ইমেইলঃ researchdocumentation@beesbd.org
ফোনঃ +৮৮০২ ২২২২৬২৬৫৩, ২২২২৮৯৭৩২, ২২২২৮৯৭৩৩




**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**

বাড়ি # ৮/বি, রোড#২৯, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ.

টেলিফোন: +8802-222289732-3, +8802-226601535-9

ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com, ওয়েবসাইট: beesbd.org